

## B.A. 1st Semester (General) Examination, 2017 (CBCS)

বিষয়: বাংলা

Paper : CC-IA/GE-I

সময় : তিন ঘণ্টা

পূর্ণমান : ৬০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান-নির্দেশক।

যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দাও।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর পূর্ণবাক্যে দাও :

২×১০=২০

- (ক) 'মনুষ্যফল' প্রবন্ধে শৃগালের সঙ্গে কোন শ্রেণির মানুষদের তুলনা করা হয়েছে?
- (খ) ধৃতুরা ফলের সঙ্গে বঙ্কিমচন্দ্র কোন মানুষের তুলনা করেছেন? কেন করেছেন?
- (গ) 'ইহারা পৃথিবীর কুপ্যাণ্ড'—কাদের কথা বলা হয়েছে এবং কেন?
- (ঘ) 'কবিকঙ্কণের ঋষভস্বর কে শোনে?'—কোন প্রবন্ধের অংশ? কবিকঙ্কণ কে?
- (ঙ) 'কমলাকান্তের দপ্তর' অংশে কয়টি প্রবন্ধ বা সংখ্যা আছে? 'বিড়াল' প্রবন্ধটি কোন সংখ্যায় আছে?
- (চ) 'একবার মিলেমিশে দুইজনে পঞ্চম-স্বরে ডাকি'—কাকে ডাকার কথা বলা হয়েছে?
- (ছ) 'শ্রীকমলাকান্ত চক্রবর্তী'র পরিচয় দাও।
- (জ) 'আমি তোমার ধর্মসম্বন্ধের মূলীভূত কারণ'—বক্তা কে? ধর্ম সম্বন্ধে তার মতটি লেখো।
- (ঝ) 'তোমরা এতদিনে এ কথাটি বুঝিতে পারিয়াছ'—কোন কথার কথা বলা হয়েছে?
- (ঞ) 'বিড়াল' প্রবন্ধ থেকে দুটি প্রবাদ-প্রবচন উল্লেখ করো।
- (ট) 'সাহিত্যের সামগ্রী' প্রবন্ধটি কোন গ্রন্থের অন্তর্ভুক্ত? গ্রন্থটির প্রকাশকাল লেখো।
- (ঠ) 'সাহিত্যে এই দুটো বাজে কথা কোনো কোনো মহলে চলিত আছে'—কোন দুটো কথাকে বাজে কথা বলা হয়েছে?
- (ড) 'মাণ্ডবী ও শ্রুতকীর্তি সম্বন্ধে আমরা কিছু জানিনা'—মাণ্ডবী ও শ্রুতকীর্তির পরিচয় দাও।
- (ঢ) 'নাটকের মধ্যে আর প্রবেশ করিল না'—কোন প্রবন্ধের অংশ? কাদের কথা বলা হয়েছে?
- (ণ) 'সে কাদম্বরী কাহিনীর পত্রলেখা'—'কাদম্বরী' কার লেখা? তিনি কোন শতাব্দীর কবি?

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

- (ক) আসল কথা, সে দিন বর্ষা, বসন্ত নহে'—প্রসঙ্গসহ ব্যাখ্যা লেখো। ৫
- (খ) নারকেলের চারটি সামগ্রীর সঙ্গে বঙ্কিমচন্দ্র স্ত্রীলোকের কোন কোন গুণের তুলনা করেছেন? কেন করেছেন? ২+৩=৫
- (গ) 'এ সকল অতি নীতিবিরুদ্ধ কথা, ইহার আন্দোলনেও পাপ আছে'—বিড়ালের কোন কোন কথাকে কমলাকান্তের নীতিবিরুদ্ধ মনে হয়েছে লেখো। ৫

Please Trun Over

- (ঘ) 'সারবান সাহিত্যে উপস্থিত প্রয়োজন মিটে, কিন্তু অপ্রয়োজনীয় সাহিত্যে স্থায়িত্বের সম্ভাবনা বেশি'—কোন প্রবন্ধের অংশ? ব্যাখ্যা করো। ১+৪=৫
- (ঙ) উর্মিলাকে কাব্যে উপেক্ষিতা বলা হয়েছে কেন—রবীন্দ্রনাথকে অনুসরণ করে লেখো। ৫
- (চ) 'এই সম্বন্ধটি সুমধুর, কিন্তু ইহার মধ্যে নারী-অধিকারের পূর্ণতা নাই'—ব্যাখ্যা দাও। ৫

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

১০×২=২০

- (ক) "তখন দিব্যকর্ণ প্রাপ্ত হইয়া, মার্জারের বক্তব্য সকল বুঝিতে পারিলাম।"—কার লেখা, কোন রচনার অন্তর্গত? মার্জারের বক্তব্য সংক্ষেপে নিজের ভাষায় লেখো। ৮+২=১০
- (খ) 'বসন্তের কোকিল' প্রবন্ধে জীবনরহস্যের গভীর উপলব্ধি যেভাবে প্রকাশিত হয়েছে লেখো। ১০
- (গ) 'সাহিত্যের উদ্দেশ্য' প্রবন্ধে রবীন্দ্রনাথ শেষ পর্যন্ত কোন সিদ্ধান্তে উপনীত হয়েছেন সে বিষয়ে আলোকপাত করো। ১০
- (ঘ) 'সাহিত্যের প্রধান অবলম্বন জ্ঞানের বিষয় নহে, ভাবের বিষয়'—'সাহিত্যের সামগ্রী' প্রবন্ধের এই উক্তিটি অবলম্বন করে সাহিত্যের প্রকৃত উপাদান কী, সে সম্বন্ধে আলোচনা করো। ১০